দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 NOV 1994 ...
পৃষ্ঠা ... কলাম ...

16

# স্কুল-কলেজের শিক্ষক ও কর্মচারী নিয়োগে 'পাবলিক সার্ভিস কমিশন ফর এডুকেশন'

॥ মিডিয়া সিণ্ডিকেট ॥

সরকার শিগগিরই স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য 'পাবলিক সার্ভিস কমিশন ফর এডুকেশন' নামে পৃথক পাবলিক সার্ভিস কমিশন গঠন করতে যাচ্ছে। মন্ত্রী সভার নীতিগত অনুমোদনের পর আইন মন্ত্রণালয় স্বতন্ত্র পাবলিক সার্ভিস কমিশনের খসড়া চূড়ান্ত করবে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। সূত্র মতে মন্ত্রী সভা ও সংসদের অনুমোদনের পর শুরু হবে এ কমিশন গঠনের কাজ। কমিশনে একজন চেয়ারম্যান এবং ৫ জনের মত বিশেষজ্ঞ সদস্য থাকবেন।

শিক্ষাব্যবস্থার উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্য গঠিত শিক্ষক নিয়োগ, চাকরিবিধি সংশোধন, সংযোজন ও প্রণয়ন সংক্রান্ত ৬ সদস্যের কমিটির সুপারিশক্রমে এ পদক্ষেপ নেয়া হচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক ডঃ শামসুদ্দোহা ছিলেন চাকরিবিধি এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বৈষম্য নিরসনের জন্য গঠিত কমিটির আহবায়ক। অন্যান্য সদস্য হচ্ছেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান, সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মোজাফ্ফর হোসেন, অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক অধ্যক্ষ আবুল কাশেম, প্রভাষক সমিতির অধ্যাপক আতাউর রহমান এবং সদস্য সচিব বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমদ। সূত্র জানায়, শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি সম্ভাব্য খালি পদের জন্য কমিশনের কাছে রিকুইজিশন দেবে। পাবলিক সার্ভিস কমিশন এর ভিত্তিতে প্রয়োজনীয় বিজ্ঞপ্তির পর নীতিমাফিক ইন্টারভিউ নিয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য প্যানেল তৈরী করবে। ম্যানেজিং কমিটি এ প্যানেল থেকে শিক্ষক-কর্মচারী নিয়োগ করবে। কমিশনের তৈরী প্যানেল থেকে নিয়োগ না করা হলে নির্দিষ্ট প্রতিষ্ঠান বেতন-ভাতার সরকারী অংশ থেকে বঞ্চিত হবে বলে সূত্র জানায়।